সরকারি দলের কারণেই আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি: ডা. তাহের



জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. তাহের। ছবি: সংগৃহীত

দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির জন্য সরাসরি ক্ষমতাসীন দলের নেতাকর্মীদের দায়ী করেছেন বিরোধীদলীয় উপনেতা ও জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। তিনি বলেন, অপরাধীদের সাথে সরকারি দলের সম্পৃক্ততার কারণেই প্রশাসন কঠোর ব্যবস্থা নিতে পারছে না।

রোববার (৩১ মে) কুমিল্লার চৌদ্দগ্রামে এক সংবর্ধনা অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

জনগণের হতাশার কথা উল্লেখ করে ডা. তাহের বলেন, "সংবিধান সংস্কার, সংসদীয় ব্যবস্থার উন্নয়ন ও দুর্নীতিমুক্ত দেশ গড়ার যে প্রত্যাশা নিয়ে মানুষ বিএনপিকে ভোট দিয়েছিল, তা এখনো দৃশ্যমান নয়। তবে আগামী ৭ জুনের বাজেট অধিবেশনে শক্তিশালী বিরোধী দল হিসেবে আমরা আরও সক্রিয় হব।"

তিনি আরও সতর্ক করে বলেন, এখনই বিএনপিকে ব্যর্থ বলা ঠিক হবে না। তবে বর্তমান পরিস্থিতি চলতে থাকলে মানুষ নিজেই তাদের ব্যর্থ হিসেবে গণ্য করবে, যা দেশের জন্য মারাত্মক সংকট তৈরি করতে পারে।

LENS ASIA